বুয়েটের আহসানউল্লাহ হলে ককটেল বিস্ফোরণ



ছবি: সংগৃহীত

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) আহসানউল্লাহ হলের ১৩৭ নম্বর কক্ষের জানালার পাশে ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। সোমবার (৯ নভেম্বর) রাত ১১টা ৪২ মিনিটে এ বিস্ফোরণ ঘটে। এতে জানালার কাচ ভেঙে বিছানার ওপর ছড়িয়ে পড়ে। তবে ওই সময় কক্ষে না থাকায় রক্ষা পান শিক্ষার্থী মোহাম্মদ আদিলুল ইসলাম আকিব।

পরে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টে আকিব জানান, বিস্ফোরণের সময় তিনি পাশের ১৩৪ নম্বর কক্ষে বন্ধু আদিবের সঙ্গে ছিলেন। তাঁর কক্ষে থাকা অন্য দুই শিক্ষার্থী বিকট শব্দ ও আগুনের ফুলকি দেখে বাইরে বেরিয়ে আসেন। জানালার কাচ ভেঙে ককটেলের গুঁড়া বিছানায় ছড়িয়ে পড়ার কথাও পোস্টে উল্লেখ করেন তিনি।

নিজের বিছানার ছবি দিয়ে আকিব লেখেন, কিছুক্ষণ আগেও তিনি ওই বিছানায় বসে ছিলেন। অল্পের জন্য প্রাণে বেঁচে যাওয়ায় আল্লাহর প্রতি কৃতজ্ঞতা জানান তিনি।

পোস্টে আকিব আরও জানান, হলে তিনটি ককটেল নিক্ষেপ করা হয়েছে। এর মধ্যে একটি বিস্ফোরিত হয়েছে, বাকি দুটি অবিস্ফোরিত অবস্থায় পাওয়া গেছে। ঘটনার পর পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়।